

শেহেরবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

তারিখ ০০ ০০ ০০ ০০ ০০ ০০
পৃষ্ঠা ৬ কলাম ৩

10/2002



শেহেরবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাসরোধে আনসার নিয়োগ করা হবে

শেহেরবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা ॥ বহিরাগত সন্ত্রাসীদের উপদ্রব, শিক্ষক-কর্মকর্তা ও ছাত্র-ছাত্রীদের স্বত্তি ফিরিয়ে আনতে শেহেরবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে অস্থায়ী ভিত্তিতে আনসার নিয়োগ করা হবে। আগারগাঁও বিএনপি বস্তি উচ্ছেদের পর থেকে ক্যাম্পাসে সন্ত্রাসীদের উপদ্রব বৃদ্ধি পেতে থাকে। তারা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তার কাছ থেকে বিভিন্ন অজুহাতে টাকা দাবি করে,

ক্যাম্পাসের মধ্যে সন্ত্রাসী কর্মকর্তা চালায়। ক্যাম্পাসে রাতে অবৈধ কাজকর্ম করে বলে অভিযোগ রয়েছে। এ পরিস্থিতি সামাল দিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আনসার নিয়োগের সিদ্ধান্ত নেয়। অর্চিরে এ সিদ্ধান্ত কার্যকর হবে বলে জানা গেছে। তবে ক্যাম্পাসে সন্ত্রাসীদের উপদ্রব কমাতে, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা ও ছাত্র-ছাত্রীদের নিরাপত্তা দিতে আনসারবাহিনী কতটুকু ভূমিকা রাখতে পারবে বা পারবে কি-না এ ব্যাপারে অনেকে সন্দেহ পোষণ করছে।